# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## ৬ষ্ঠ উপজেলা পরিষদ জুলাই ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: ইসলাম উদ্দিন, প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ : ১৪ জুলাই ২০২৫ খ্রিঃ
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক''-এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার প্রতিনিধি ডা: মো: জোবায়ের খান বলেন, হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে হাসপাতালের ভিতরে ময়লা থাকার কারণে অনেক সময় দুর্গন্ধের সৃষ্টি হয়। তিনি পৌরসভা কর্তৃপক্ষকে হাসপাতালের ভিতরে থাকা ময়লাগুলো নিয়মিতভাবে সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। ভুনবীর ইউনিয়নের লইয়ারকুল, শ্রীমঙ্গল ইউনিয়নের পশ্চিম ভাড়াউড়া এবং সিন্দুরখান ইউনিয়নে ইজারাগাঁও কমিউনিটি স্বাস্থ্য ক্লিনিকের অবস্থা খুবই নাজেহাল। পূর্বেও অনেকবার এই কমিউনিটি ক্লিনিকগুলো মেরামতের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। হাসপাতালে ডাক্তারের সংখ্যা কম থাকায় পর্যাপ্ত সেবা প্রদান করা যাচ্ছে না।<br><br>সভায় চেয়ারম্যান, মির্জাপুর ইউপি বলেন, মির্জাপুর ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে হাসপাতাল হতে ডাক্তার পদায়ন করা হয়েছিল। কিছুদিন মির্জাপুর ইউনিয়নবাসী সেবা পেয়েছিল। বর্তমানে ডাক্তার না যাওয়ার ফলে সেবা থেকে বঞ্চিত হচ্ছে। কোন কোন ইউনিয়নে ডাক্তার পদায়ন আছেন, তা সভাকে অবহিত করার জন্য তিনি অনুরোধ জানান।<br><br>সভায় চেয়ারম্যান, সিন্দুরখান ইউপি বলেন, ইজারাগাঁও ক্লিনিকে অবস্থা নাজেহাল তা পূর্বের অনেক সভায় অবহিত করা হয়েছে। ইজারাগাঁও ক্লিনিকের পাশে একটি কিন্ডারগার্টেন স্কুল রয়েছে সেখানে ক্লিনিকের কার্যক্রম চালানো যেতে পারে।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, শ্রীমঙ্গল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সেবার মান জেলার অন্যান্য হাসপাতালের চেয়ে অনেক ভালো। তিনি উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তাকে হাসপাতালে ডাক্তার পদায়নের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় বরাবরে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া কোন কোন পদ শূণ্য রয়েছে তার তালিকা প্রকাশ এবং ঔষধ এর মজুদের তালিকা প্রকাশ করার জন্য অনুরোধ জানান। | নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান চালু রাখা এবং হাসপাতালে সেবা নিতে আসা রোগীরা সঠিক সেবা পাচ্ছে কিনা তা মনিটরিং করার জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, ২০২৪-২৫ অর্থবছরের খরিফ-২ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে সার ও বীজ বিতরণ প্রণোদনা কর্মসূচীর ৩২১০ জনের তালিকা তৈরির কাজ সমাপ্ত হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান/কৃষক সংগঠনের মধ্যে বিতরণের | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে রোপনকৃত গাছগুলো পরিচর্যা সঠিকভাবে হচ্ছে কিনা তা পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা | উপজেলা নিবাহী ও উপজেলা কৃষি কর্মকর্তা, শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য ২০০টি তালের চারা, ১২০টি নারিকেল চারার প্রণোদনা বিতরণ করা হয়েছে। উপজেলা পরিষদ সংলগ্ন মাঠের চারপাশে বিভিন্ন ধরনের ফলজ, বনজ ও ঔষধি গাছ বেড়া দিয়ে লাগানো হয়েছে। তাছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসের চলমান কার্যক্রম সম্পর্কে আগামী সভায় অবহিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তার জানান, জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৫ আগামী ২২ জুলাই হতে ২৮ জুলাই তারিখ উদ্যাপিত হবে। উক্ত মৎস্য সপ্তাহ উদযাপনের জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং কর্মকর্তাবৃন্দকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। এছাড়া মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য সপ্তাহ উদযাপনে সকল ধরনের সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং কর্মকর্তাদেরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৫ | এলজিইডি | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ১। বিটিআরআই রোড সংলগ্ন একটি কালভার্ট ভেঙ্গে যাওয়াতে জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন হয়। কালভার্টটি মেরামতের জন্য ৩.০০ (তিন) লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি উক্ত সভায় প্রকল্পটি বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।<br>২। সভায় জানানো হয়, দিলবর নগর চা বাগান সংলগ্ন রাস্তাটি সংস্কার করা জরুরী হওয়াতে ১,৩০,৬৬৫/- (এক লক্ষ ত্রিশ হাজার ছয়শত পঁয়ষট্টি) টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রকল্পটি অনুমোদনের জন্য সভায় প্রস্তাব পেশ করেন।<br>সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিটিআরআই রাস্তা সংলগ্ন কালভার্ট ও দিলবরনগর চা বাগান রাস্তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য একমত পোষণ করেন।<br>২। কালাপুর ইউনিয়নের ভৈরববাজার বাজার সংলগ্ন ড্রেনটি জননিরাপত্তার স্বার্থে দ্রুততার সহিত ড্রেনের স্ল্যাব স্থাপন করা প্রয়োজন।<br>৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে ইউনিয়ন পরিষদ থেকে তালিকা এখনও পাওয়া যায়নি। তালিকা পাওয়া গেলে প্রকল্প কমিটি আহবানপূর্বক তালিকা যাচাই বাছাই কার্যক্রম শুরু হবে। সরকারী থেকে প্রাপ্ত বরাদ্দ এখনও পাওয়া যায়নি। আগামী সেপ্টেম্বর/অক্টোবর মাসে বরাদ্দ পাওয়া যেতে পারে।<br>৪। এছাড়া শ্রীমঙ্গল উপজেলার সাতগাঁও ইউনিয়নের চা কন্যা সংলগ্ন তথ্য কেন্দ্র এর সাটার, টাইলস, রং, থাই এবং কিছু ফার্নিচার বাবদ প্রকল্প কর্মকর্তার কার্যালয় অথবা উপজেলা পরিষদ হতে প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>এছাড়া উপজেলা প্রকৌশল বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে কোটেশন ও পিআইসি'র মাধ্যমে প্রকল্পগুলো মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। ইউনিয়ন পরিষদের হাটবাজার তহবিল হতে ভৈরববাজার সংলগ্ন ড্রেনের স্ল্যাব স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প যাচাই বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৪। চা কন্যা ভাস্কর্যের সৌন্দর্য্যবর্ধনের জন্য প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান (সকল), শ্রীমঙ্গল |
| ০৬ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, শ্রীমঙ্গলের অনুপস্থিতির কারণে শিক্ষা বিভাগ নিয়ে কোন আলোচনা হয়নি। | আগামী সভায় অবশ্যই তথ্য সহ উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌ:বাজার |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিদ্যালয় গুলোতে পরিদর্শন কার্যক্রম চালু রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌ:বাজার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, ২০২৪-২৫ অর্থবছরের দুযোর্গ ও ত্রাণ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে। তিনি বলেন, ১২০টি মন্দির ও মসজিদে ১ কোটি ২২ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। ১৮৩টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানগণের নিকট হতে রাস্তাঘাটের উন্নয়নের জন্য প্রকল্প তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। দ্রুততার সহিত তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানান। ৯টি ইউনিয়নে ঢেউটিন বিতরণ করা হবে। প্রত্যেক উপকারভোগীরা ৬০০০/- টাকা ও ঢেউটিন পাবেন। ৯টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় ১০জন উপকারভোগীর মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হবে।<br>তিনি আরো বলেন, রাজঘাট ইউনিয়নের হরিণছড়া এলাকায় সেফটি ট্যাংকিতে পরে ৪জনের মৃত্যুবরণ হয়েছে। দুর্যোগ ও ত্রাণ বিভাগ হতে তাদেরকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। তাছাড়া প্রতিনিয়ত অগ্নিকান্ডের ঘটনা ঘটছে। অগ্নিকান্ড সংঘটিত হলে ক্ষতিগ্রস্থ পরিবারকে দুর্যোগ ও ত্রাণ বিভাগ হতে আর্থিক অনুদান প্রদান করা হবে। এছাড়া উপজেলা দুর্যোগ ও ত্রাণ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন ইউনিয়নে অগ্নিকান্ডের ঘটনা ঘটলে তা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে জানানো জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, মাঠ পর্যায়ে কর্মীগণের স্বল্পতা থাকায় মাঠ পর্যায়ে কাজকর্মে কিছুটা ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। তাছাড়া উপজেলা পরিষদ হতে ঔষধ সরবরাহের জন্য ২০০০০/-আর্থিক সহায়তা পাওয়ায় পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম চলছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঔষধের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য উপজেলা প:প: কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় রোগী কল্যাণ সমিতির মাধ্যমে অসহায় দু:স্থরোগীদেরকে ঔষধপত্র বাবদ ভর্তিকৃত রোগীদের আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে। হাসপাতালে কর্মরত ডাক্তার ও নার্সদের সহায়তায় এ কার্যক্রম বাস্তবায়ন করা হয়ে থাকে। এ কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অর্থাৎ ডাক্তার ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সক্রিয় সহযোগিতা কামনা করছি। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও হাসপাতালে কর্মরত ডাক্তার ও নার্সগণকে ভর্তিকৃত রোগী প্রয়োজনীয় সহায়তা করার জন্য অনুরোধ জানান। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, মহিলা উন্নয়ন অনুবিভাগের সুফলভোগী ৩০জন সদস্যকে নিয়ে একদিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ঋণ উত্তোলন কার্যক্রম আরো জোরদার করার জন্য অনুরোধ করা | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ১২ | উপ:ম:বিষয়ক কর্মকর্তা | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিজিডি কর্মসূচির কার্যক্রম প্রায় শেষ। এ মাসেই কমিটির চূড়ান্ত অনুমোদন নেয়া সম্ভব হবে। টিআইবি-কে ২৫-২৬ জনের তালিকা দেয়া হয়েছে। ইউপি ভিত্তিক যাচাই বাছাই করে যত দ্রুত সম্ভব প্রতিবেদন প্রদান করার জন্য। কোন উপকারভোগী ভূল তথ্য দিয়ে তালিকায়ভুক্ত হলে এবং কোন অভিযোগ পাওয়া গেলে যাচাই বাছাই করে অপেক্ষামান তালিকা থেকে অন্য জনের নাম অন্তর্ভুক্ত করা হবে। ৬ মাস পর্যন্ত পরিবর্তন যোগ্য। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন উপকারভোগী যেন ভুক্ত তথ্য দিয়ে তালিকায় অন্তভুক্তি না হয় সেদিক লক্ষ্য রাখার জন্য ইউপি চেয়ারম্যান ও মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের আওতায় বর্তমান মাস পর্যন্ত নিবন্ধিত বিভাগীয় প্রাথমিক সমিতির সংখ্যা ১৭১টি (নিবন্ধিত)। সমিতিগুলোর অডিট, পরিদর্শন, ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের রাজস্ব আদায় ও সমিতির অডিট কার্যক্রম জোরদার করণ ও যে কোন একটি কার্যক্রম নিয়ে সভা আহবান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কমকর্তা,শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | - | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৫ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা জানান, অভ্যন্তরীণ বোরো সংগ্রহ/২০২৫ মৌসুমে শতভাগ ধান সংগ্রহ করা হয়েছে। আতপচাল ও শতভাগ সংগ্রহ করা হয়েছে। পৌরসভার দু'টি স্থানে ওএমএসএর মাধ্যমে চাল ও আটা বিক্রয় চলমান আছে। তাছাড়া খাদ্য বান্ধব কর্মসূচির নতুন ২৫০০ কার্ডের বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ইউনিয়ন চেয়ারম্যান মহোদয়গণকে তালিকা দ্রুত প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান রয়েছে।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, চা বাগানের বাহিরের জনসাধারণকে টিসিবি দেয়ার জন্য খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানান। | বাগানের বাহিরের জনসাধারণকে টিসিবি মালামাল দেয়ার জন্য খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানান। জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশলী বলেন, ২০২৪-২৫ অর্থবছরে অপেক্ষামান কাজগুলো শেষ করতে অনেক ধরনের কষ্ট হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় নিজে পরিদর্শন করে ডিপ টিউবওয়েল বিতরণ করেছেন। এছাড়া শ্রীমঙ্গলের সবচেয়ে গুরুত্বপূর্ণ স্থান শ্রীমঙ্গল রেলওয়ে স্টেশন ও প্রকৃতির অপরূপ সৌন্দর্যমন্ডিত একটি স্থান চা কন্যা ভাস্কর্য এই দু'টি স্থানে জনসমাগম বেশি হয় সেই দুটি স্থানে গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। শ্রীমঙ্গল উপজেলায় ২৫টি প্রাথমিক বিদ্যালয়গুলোতে ওয়াশ ব্লকের কাজ করা হয়েছে। ৫০টি'র বেশি মসজিদ ও মন্দিরগুলোতে গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। এছাড়া ৩নং শ্রীমঙ্গল ইউনিয়নের নওয়াগাঁও গ্রামে ২৫০টি পরিবারের মধ্যে বিশুদ্ধ পানির ব্যবস্থা করে দেয়া হচ্ছে। তাছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | শ্রীমঙ্গল উপজেলার প্রত্যেকটি গ্রামের গুরুত্বপূর্ণ স্থানে ১টি করে গভীর নলকূপ বসানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্যকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী, শ্রীমঙ্গল |
| ১৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, উপজেলা পরিষদ কর্তৃক গৃহীত শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন ইউনিয়নের রাস্তার ধারে সোলার স্ট্রিট লাইট স্থাপন কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে লাইটগুলো জ্বলছে কিনা তা রাত্রিকালীন সময়ে দর্শন করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পরবর্তী উন্নয়নমূলক প্রস্তাব প্রস্তুত করার জন্য ফ্যাসিলিটেটরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ (জাইকা) |
| ১৮ | বন বিভাগ | সভায় রেঞ্জ কর্মকর্তা বলেন, বনবিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | শ্রীমঙ্গল উপজেলার সকল নাসারী গুলোতে ইউক্যালিপটাস ও আকাশমনি গাছের চারা বিক্রি বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য রেঞ্জ কর্মকর্তা, শ্রীমঙ্গলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ১৯ | বিবিধ:০১ | সভায় জানানো হয়, মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কিত ১-১৫টি খন্ডের বই রয়েছে সেগুলো ক্রয়ের জন্য জেলা প্রশাসকের কার্যালয় হতে মৌখিক নির্দেশনা পাওয়া গেছে। মাননীয় জেলা প্রশাসক মহোদয়ের মৌখিক নির্দেশনার প্রেক্ষিতে মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কিত বইগুলো ক্রয়ের জন্য ২৫০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ প্রদানের প্রস্তাব প্রেরণ করা হয়।<br>উক্ত প্রস্তাবের সহিত উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বিবিধ খাত হতে ২৫০০০/- টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ২০ | বিবিধ:০১ | সভায় জানানো হয় যে, ৪র্থ শ্রেণির ডরমেটরীর ১নং ও ২নং কক্ষের দরজা ও জানালা ভাঙ্গা থাকায় প্রতিনিয়তই চুরি হচ্ছে তাই দরজা এবং জানালা গুলো মেরামত করা প্রয়োজন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ এবং মেরামত খাত হতে | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা |

<table>
<tr><td></td><td></td><td></td><td>কাজগুলো দ্রুত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>২১</td><td>বিবিধ:০২</td><td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরের শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আর্থিক সহায়তা প্রদানের জন্য আবেদন পাওয়া গেছে। উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের অনুমোদনের প্রেক্ষিতে ব্যক্তিগণকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে।
<table>
<tr><td>ক্র.নং</td><td>আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম</td><td>অনুদান প্রদানের কারণ</td><td>টাকার পরিমাণ</td></tr>
<tr><td>০১</td><td>মো: বিল্লাল হোসেন, গ্রাম: এমআরখান চা বাগান, আশিদ্রোণ, শ্রীমঙ্গল</td><td>চিকিৎসার জন্য আর্থিক সহায়তা</td><td>৫০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>জলি বেগম, সাং-যতরপুর, মির্জাপুর, শ্রীমঙ্গল</td><td>পায়ের রগের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা</td><td>৩০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>মোছা: রানু বেগম, পিঃ আব্দুল নূর, স্বা: মতলিব মিয়া, বেলতলী, সিন্দুরখান</td><td>হার্টের ব্লগ দেখা দেয়ায় চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা</td><td>৫০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>ঝরণা দেবনাথ, ক্যাথলিক মিশন রোড, শ্রীমঙ্গল</td><td>ছেলের লেখাপড়ার জন্য আর্থিক সহায়তা</td><td>২০০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>ইমন রায়, পিঃ মেঘনাথ রায়, সাং-রামনগর মনিপুড়ি পাড়া, শ্রীমঙ্গল</td><td>শিশু সন্তান গরম তেলের মধ্যে ঝলসে যাওয়া চিকিৎসা সহায়তা</td><td>৫০০০/-</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আর্থিক সহায়তা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>প্রশাসক<br>ও<br>উপজেলা নিবহী অফিসার<br>শ্রীমঙ্গল</td></tr>
</table>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ইসলাম উদ্দিন)
প্রশাসক
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.২৬ তারিখ: ০৭/০৮/২০২৫

বিতরণ: কার্যার্থে।

১। উপজেলা..............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
২। চেয়ারম্যান..............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

(মো: ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## ৬ষ্ঠ উপজেলা পরিষদ আগষ্ট ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: ইসলাম উদ্দিন, প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ : ১৪ আগষ্ট ২০২৫ খ্রিঃ
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক''-এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার প্রতিনিধি ডা: মো: জোবায়ের খান বলেন, হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী সেপ্টেম্বর ২০২৫ থেকে শুরু হচ্ছে EPI এর অধীনে টাইফয়েড ভ্যাকসিন কার্যক্রম। ৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সী শিশুদের ১ ডোজ করে টাইফয়েড এর টিকা দেয়া হবে একদম বিনামূল্যে। প্লে গ্রুপ থেকে নবম শ্রেণি পর্যন্ত স্কুলের ছাত্র-ছাত্রীরা এক টিকা দিতে পারবে। টাইফয়েড একটি মারাত্মক ব্যাকটেরিয়াজনিত রোগ। এই টিকা শিশুকে টাইফয়েড জ্বর থেকে নিরাপদ রাখবে। এই টিকা নিতে হলে অনলাইনে রেজিস্ট্রেশন করা হবে। রেজিষ্ট্রেশন করাতে ১৭ ডিজিটের ডিজিটাল জন্মনিবন্ধন সনদ লাগবে এবং টিকাগ্রহণকারীকে টিকা নেওয়ার সময়ে জন্মসনদ নিয়ে আসতে হবে।<br>এছাড়া ঝড়ে পড়া ছাত্র ছাত্রীসহ ১৫ বছর বয়সের কম বাচ্চারা নিকটস্থ কমিউনিটি ক্লিনিক এবং হাসপাতালে গিয়ে টাইফয়েড এর টিকা নিতে পারবে, তবে তাদেরকে অবশ্যই রেজিষ্ট্রেশন করতে হবে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রতিটি বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মাধ্যমে বিষয়টি প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>যেহেতু শ্রীমঙ্গল উপজেলা চা বাগান অধ্যুষিত এলাকা। বাগানের ভিতরের যে সকল বিদ্যালয় রয়েছে সেগুলোতে প্রচারের জন্য অবশ্যই বাগান ব্যবস্থাপক, পঞ্চায়েত প্রধান এবং বিভিন্ন পুঞ্জির মান্ত্রিকে বিষয়টি সম্পর্কে অবহিত করার অনুরোধ জানান। | টাইফয়েড এর টিকা গ্রহণের জন্য ৯ মাস থেকে ১৫ বছর বয়সী বাচ্চাদের অনলাইনে রেজিষ্ট্রেশনের জন্য বিভিন্ন প্রচারের পাশাপাশি মাইকিং এর ব্যবস্থা গ্রহণ করানোর জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, আমন ধানের রোপন চলমান। আগষ্ট মাসের মোট সারের বরাদ্দ ৪৯২ মে:টন। তিনি বলেন, কালাপুর-সাতগাঁও-রাজঘাট এবং কালিঘাট ইউনিয়নে খুচরা সার ডিলার নিয়োগের সুযোগ রয়েছে। সার ডিলারের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয়েছিল শুধুমাত্র কালাপুর ইউনিয়নে ১টি খুচরা ডিলারশীপের বিপরীতে ৩টি আবেদন পাওয়া গেছে। আবেদনগুলো যাচাই করা হচ্ছে। এছাড়া বাকি ৩টি ইউনিয়নে কোন খুচরা সার ডিলারের জন্য আবেদন পাওয়া যায়নি।<br>সভায় চেয়ারম্যান, সিন্দুরখান ইউপি বলেন, সিন্দুরখান ইউনিয়নে ৮০% কৃষি জমি রয়েছে এই ইউনিয়নে ৩ ফসল চাষাবাদ হয়ে | খুচরা সার ডিলারদের নিয়ে একটি সভা আহবান করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নিবাহী অফিসার ও উপজেলা কৃষি কর্মকর্তা,শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | থাকে। কিন্তু অতীব দুঃখের বিষয় সিন্দুরখান ইউনিয়নে সারের বরাদ্দ খুবই কম থাকায় কৃষকরা ন্যায্যমূল্যে সার ক্রয় করতে পারছে না। অন্যস্থান থেকে সার ক্রয় করতে হচ্ছে। রাজঘাট-কালিঘাট-সাতগাঁও ইউনিয়ন চা বাগান বেষ্টিত হওয়া সেই ইউনিয়নগুলোতে এত সারের বরাদ্দের প্রয়োজন হয়না। তিনি বলেন, এই তিন ইউনিয়ন হতে সারের ডিলার কমিয়ে সিন্দুরখান ইউনিয়নে ডিলার নিয়োগ করা হলে সিন্দুরখানবাসীর সারের চাহিদা পূরণ হতো এবং কৃষকরা কৃষি চাষে আরো আগ্রহ এবং অধিক ফলন ফলাতে পারতো।<br>সভায় চেয়ারম্যান, কালাপুর ইউপি ও মির্জাপুর ইউপি, সিন্দুরখান ইউনিয়নে সারের বরাদ্দ বাড়াতে একমত পোষণ করেন।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, নীতিমালায় যদি এক ইউনিয়ন হতে আরেক ইউনিয়নে সারের ডিলার স্থানান্তর করা যায় তার বিহিত ব্যবস্থা গ্রহণ করা এবং খুচরা সার ডিলারদের নিয়ে একটি মতবিনিময় সভা করার অনুরোধ জানান।<br>এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা অনুপস্থিত থাকায় প্রাণিসম্পদ বিভাগ সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় তথ্য উপাত্ত নিয়ে উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সভায় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জনাব সন্তোষ দত্ত জানান, জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৫ আগামী ১৮ আগষ্ট হতে হতে ২৪ আগষ্ট তারিখ পর্যন্ত উদযাপিত হবে। মৎস্য সপ্তাহ উদযাপন কর্মসূচিতে থাকবে র‍্যালী, পোনামাছ অবমুক্তকরণ এবং আলোচনা সভা। মৎস্য সপ্তাহের অনুষ্ঠানে সম্মানীত ইউপি চেয়ারম্যান এবং কর্মকর্তাবৃন্দকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।<br>তিনি আরো বলেন, বর্ষাপ্লাবিত ধানক্ষেত, প্রাতিষ্ঠানিক জলাশয় ও জলমহালে পোনামাছ অবমুক্তকরণের জন্য ২.০০ (দুই লক্ষ) টাকার বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে জলাশয় নির্বাচন ও পোনামাছ সংগ্রহ ও অবমুক্তি বাস্তবায়ন কমিটির সভা সম্পন্ন হয়েছে। যতদ্রুত সম্ভব পোনামাছ অবমুক্ত করা হবে। এছাড়া মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য সপ্তাহ উদযাপনে সকল ধরনের সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং কর্মকর্তাদেরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৫ | এলজিইডি | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ১) এডিপি প্রকল্পের আওতায় ২০২৫-২৬ অর্থবছরে বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের নিকট হতে উন্নয়নের প্রকল্প তালিকা পাওয়া গেছে। প্রকল্পগুলো যাচাই বাচাই কার্যক্রম চলমান আছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উদ্বৃত্ত ২.০০ (দুই কোটি) টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে।<br>উপজেলা প্রকৌশলী আরো বলেন, ২) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন ও গেজেটেড কোয়ার্টার চম্পা ভবন জরাজীর্ণ হওয়ার কারণে কনডেমড ঘোষণা পত্র স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে পাওয়া গেছে।<br>৩) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১০ আগষ্ট ২০২৫ তারিখের ৪৬. ০০. ০০০০. ০৪৫.১৮.২৯৬.২৩-৫০নং স্মারকমূলে উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ি, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত করা প্রয়োজনীয়তা রয়েছে সেসকল উপজেলা পরিষদ হতে মেরামত ও সংস্কার খাতে বরাদ্দ প্রদানের প্রস্তাবনা পাওয়া গেছে। উক্ত প্রস্তাবনার প্রেক্ষিতে শ্রীমঙ্গল উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ি, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত কাজের প্রয়োজনীয়তা রয়েছে | ১। প্রকল্প যাচাই বাচাই কার্যক্রম ১০ সদস্য বিশিষ্ট কমিটিকে নিয়ে বাস্তবায়ন করার অনুরোধ জানান।<br>২। উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণ ও গেজেটেড কোয়ার্টার নির্মাণ করার বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। শ্রীমঙ্গল উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ি, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত কাজের ৫৬,৪০,৪৮০/- (ছাপান্ন লক্ষ চল্লিশ হাজার চারশত আশি) টাকার প্রাক্কলনটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান (সকল), শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মর্মে ৫৬,৪০,৪৮০/- (ছাপান্ন লক্ষ চল্লিশ হাজার চারশত আশি) টাকা প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br>৩। সাতগাঁও ইউনিয়নের চা কন্যা সংলগ্ন তথ্য কেন্দ্রের সাটার, রং করণ বাবদ ২২,৩৫০/- (বাইশ হাজার তিনশত পঞ্চাশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের অনুরোধ জানান।<br>৪। নতুন উপজেলা পরিষদ ভবনে বৈদ্যুতিক মিটার স্থাপনে PFI (Power Factor Implementation Plant) স্থাপন করা প্রয়োজন। PFI (Power Factor Implementation Plant) স্থাপন কাজে ৭৫০০০/- টাকা ব্যয় হতে পারে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান।<br>এছাড়া উপজেলা প্রকৌশল বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। চা কন্যা সংলগ্ন তথ্য কেন্দ্রের সাটার, রং করণ কাজের ২২,৩৫০/- (বাইশ হাজার তিনশত পঞ্চাশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪। নতুন উপজেলা পরিষদ ভবনে বৈদ্যুতিক মিটার স্থাপনে PFI (Power Factor Implementation Plant) স্থাপন কাজে ৭৫০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৬ | প্রাথমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কমকর্তা বলেন, আগামী ১৯ আগষ্ট থেকে ২য় প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা শুরু হবে। এছাড়া আরেকটি সু-সংবাদ রয়েছে সারাদেশের কয়েকটি উপজেলার মধ্যে শ্রীমঙ্গল উপজেলায় আগামী ১লা সেপ্টেম্বর ২০২৫ হতে স্কুল ফিডিং প্রকল্প কাযক্রম শুরু হতে যাচ্ছে। স্কুল ফিডিং প্রকল্প হল শিক্ষার্থীদের স্কুলে থাকাকালীন পুষ্টিকর খাবার সরবরাহ করার একটি প্রকল্প। এর মূল উদ্দেশ্য হল শিশুদের স্কুলে যাওয়া নিশ্চিত করা এবং তাদের পুষ্টির অভাব দূর করা। এই প্রকল্পের মাধ্যমে শিক্ষার্থীদের জন্য টিফিন বা খাবার সরবরাহ করা হয়, যা তাদের শারীরিক ও মানসিক বিকাশে সাহায্য করবে। খাবার তালিকায় থাকবে বিস্কুট, দুধ, ডিম, ফল ইত্যাদি।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, খাবারের মান যেন ভাল থাকে, বাচ্চারা যাতে মেয়াদোত্তীর্ণ অথবা পচনশীল খাবার খেয়ে অসুস্থ হয়ে না যায় সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা শিক্ষা কমকর্তাকে অনুরোধ জানান এবং স্কুল চলাকালীন সময়ে কোন দিন কোন খাবার শিক্ষার্থীদের দেয়া হবে তা যেন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবগত করা হয়। | পচনশীল খাবার যেন শিক্ষার্থী দেরকে কোন ভাবেই দেয়া না হয় সেদিক লক্ষ্য রাখার জন্য স্কুলে গভর্নিং কমিটি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে পরিদর্শনের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌ:বাজার ও সকল ইউপি চেয়ারম্যান, শ্রীমঙ্গল। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি জনাব সনজিত কুমার দাস, একাডেমিক সুপারভাইজার বলেন, "২৪ এর রঙ্গে গ্রাফিতি ও চিত্রাংকন প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে এবং দি বার্ডর্স রেসিডেনশিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, শ্রীমঙ্গল বিভাগীয় পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। তাছাড়া ব্যানবেইস কর্তৃক মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানে "GIS Mapping" জরিপ কার্যক্রম চলমান আছে। তাছাড়া শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধির জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিদের্শনায় অভিভাবক সমাবেশ, শিক্ষার্থীদের উৎসাহ ও পুরষ্কার প্রদান কার্যক্রম চলমান আছে। বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিদ্যালয় গুলোতে শিক্ষার্থীদের উপস্থিতি হার বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌ:বাজার |
| ০৮ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, ২০২৪-২৫ অর্থবছরের দুযোর্গ ও ত্রাণ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠভাবে সমাপ্ত হয়েছে। তিনি বলেন, ৪২জন উপকারভোগীকে ২ বান্ডিল করে ৮৪ বান্ডিল ঢেউটিন প্রদান করা হয়েছে। প্রতি বান্ডিলের সাথে ২০০০/- টাকা চেক প্রদান করা হয়েছে। ৯টি ইউনিয়নে ১১৫ প্যাকেট শিশুখাদ্য ও ১১৫ প্যাকেট গো-খাদ্য বিতরণ করা হয়েছে। তিনি আরো বলেন, শ্রীমঙ্গল উপজেলার কোন ইউনিয়নে অগ্নিকান্ড কিংবা বন্যা সংগঠিত হলে তা যেন দুযোর্গ ও ত্রাণ বিভাগকে অবহিত করা হয়। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে দুর্যোগ ও ত্রাণ বিভাগ হতে আর্থিক অনুদান প্রদান করা হবে। এছাড়া উপজেলা দুর্যোগ ও ত্রাণ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন ইউনিয়নে বন্যা, প্রাকৃতিক দুযোর্গ কিংবা অগ্নিকান্ডের ঘটনা ঘটলে তা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে জানানো জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পরিবার পরিকল্পনা পদ্ধতির বিভিন্ন সামগ্রী সরবরাহ কম থাকায় মোটিভেশন সেবা প্রদান করা হচ্ছে। | ঔষধের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য উপজেলা প:প: কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা অনুপস্থিত থাকায় সমাজসেবা বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় তথ্য উপাত্ত নিয়ে উপস্থিত থাকার জন্য সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, ১৮জন উদ্যোক্তাকে ৩য় বারের মত মোট ২৪.৫০ লক্ষ টাকা পল্লী উদ্যোক্তা ঋণ প্রদান করা হয়েছে। এছাড়া ঋণ কার্যক্রমসহ সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ঋণ উত্তোলন কার্যক্রম আরো জোরদার করার জন্য অনুরোধ করা | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ১২ | উপ:ম:বিষয়ক কর্মকর্তা | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, VWB যাচাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। মোট ১১জন ভাতাভোগীর তথ্য সংশোধন করতে হবে। জেলা কার্যালয়ে তালিকা উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার যৌথ স্বাক্ষরে প্রেরণ করা হবে। জেলা অফিস হতে তালিকা সংশোধন হয়ে আসবে।<br>VWB খাদ্যের বরাদ্দ পাওয়া গিয়েছে। চলতি মাসের জুলাই ও আগষ্ট/২৫ দুই মাসের খাদ্য বিতরণ সম্পন্ন করা হবে সভাপতি মহোদয়ের উদ্বোধনের মাধ্যমে। এছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতিমাসে প্রতি ইউনিয়ন থেকে ১৫জন ভাতাভোগী IMS পদ্ধতিতে এন্টি হবে। প্রতি মাসে ১-২০ তারিখের মধ্যে নির্ধারিত বৈশিষ্ট্যের মাধ্যমে তালিকা ভুক্ত হবে। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সভায় চেয়ারম্যান, কালাপুর ইউপি বলেন, কালাপুর ইউনিয়নে জনসংখ্যা বেশি কিন্তু জনসংখ্যার অনুপাতে বরাদ্দ কম প্রদান করা হয়। তিনি জনসংখ্যার অনুপাতে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | ইউনিয়নের প্যাডের মাধ্যমে চাহিদার তথ্য দেয়ার জন্য ইউনিয়ন চেয়ারম্যান দেরকে অনুরোধ জানান। | মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের আওতায় বর্তমান মাস পর্যন্ত নিবন্ধিত বিভাগীয় প্রাথমিক সমিতির সংখ্যা ১৭১টি (নিবন্ধিত)। এর মধ্যে অকার্যকর সমবায় সমিতি ৬৩টি। কার্যকর সমবায় সমিতি সমূহের অডিট, পরিদর্শন, ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের রাজস্ব আদায় ও সমিতির অডিট কার্যক্রম জোরদার করণ ও যে কোন একটি কার্যক্রম নিয়ে সভা আহবান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কমকর্তা,শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | - | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৫ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা জানান, চলতি মাসে খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণের নির্দেশনা পাওয়া গেছে নতুন বরাদ্দকৃত ২৫০০ কার্ড তালিকার মাধ্যমে বিতরণ করা হবে। অভ্যন্তরীণ বোরো সংগ্রহ শতভাগ সম্পন্ন হয়েছে। চাল অতিরিক্ত ৮০০ মে:টন সংগ্রহন করা হয়েছে। এছাড়া ওএমএস ও টিসিবিসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান চলছে। | বাগানের বাহিরের জনসাধারণকে টিসিবি মালামাল দেয়ার জন্য খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানান। জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশলী বলেন, ২০২৫-২৬ অর্থবছরের নলকূপ স্থাপনের বরাদ্দ এখনও পাওয়া যায়নি। ৩নং শ্রীমঙ্গল ইউনিয়নের নওয়াগাঁও গ্রামে ৩৫০টি পরিবারের মধ্যে গভীর নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। তাছাড়া শ্রীমঙ্গল ইউনিয়ন ব্যতীত অন্য কোন ইউনিয়নের এধরনের বড় কাজ করার চিন্তা ভাবনা থাকলে তা | শ্রীমঙ্গল ইউনিয়নে নোয়াগাঁও গ্রামে ৩৫০টি পরিবারের জন্য স্থাপনকৃত গভীর নলকূপ এর বিদ্যুৎ বিল শ্রীমঙ্গল ইউনিয়ন পরিষদ হতে পরিশোধের | জনস্বাস্থ্য প্রকৌশলী, শ্রীমঙ্গল ও চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিষদের সভায় উপস্থাপনের অনুরোধ জানান। তাছাড়া জনস্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, শ্রীমঙ্গল ইউনিয়নে নোয়াগাঁও গ্রামে ৩৫০টি পরিবারের জন্য স্থাপনকৃত গভীর নলকূপ এর বিদ্যুৎ বিল শ্রীমঙ্গল ইউনিয়ন পরিষদ হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ৩নং শ্রীমঙ্গল ইউপি। |
| ১৭ | বন বিভাগ | সভায় রেঞ্জ কর্মকর্তা অনুপস্থিত না থাকায় বনবিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য রেঞ্জ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৮/২৫

(মো: ইসলাম উদ্দিন)
প্রশাসক
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.২৬. ৩৬ তারিখ: ১৭/০৮/২০২৫

বিতরণ: কার্যার্থে।

১। উপজেলা.............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

২। চেয়ারম্যান..........................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

২৪/০৮/২৫

(মো: ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার

আগষ্ট/২০২৫ মাসের মাসিক সভায় সম্মানিত চেয়ারম্যানবৃন্দের উপস্থিতি স্বাক্ষর

তাং- ১৪/০৮/২০২৫

| ক্র. নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: ইসলাম উদ্দিন | প্রশাসক পৌরসভা শ্রীমঙ্গল | |
| ০২ | জনাব মিছলু আহমেদ চৌধুরী | চেয়ারম্যান, মির্জাপুর ইউপি | |
| ০২ | জনাব মো: আব্দুর রশীদ | " ২নং ভুনবীর ইউপি | |
| ০৩ | জনাব মো: দুদু মিয়া | " ৩নং শ্রীমঙ্গল ইউপি | |
| ০৪ | জনাব মো: ইয়াসিন আরাফাত রবিন | " ৪নং সিন্দুরখান " | |
| ০৫ | জনাব মো: আব্দুল মতলিব | " ৫নং কালাপুর " | |
| ০৬ | জনাব রণেন্দ্র প্রসাদ বর্ধন | " ৬নং আশিদ্রোন " | |
| ০৭ | জনাব বিজয় বুনার্জী | " ৭নং রাজঘাট " | |
| ০৯ | জনাব প্রাণেশ গোয়ালা | " ৮নং কালিঘাট " | |
| ১০ | জনাব দেবাশীষ দেব রাজু | " ৯নং সাতগাঁও " | |

আজকের/২৫ মার্চের মাসিক সভার উপজেলা পরিষদের উপস্থিতি তালিকা

| ক্র নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ ইসলাম উদ্দিন | উপজেলা নির্বাহী অফিসার | [illegible] |
| ০২ | শ্রী কুমার রক্ষিত | প্যানেল উপ সহকারী প্রকৌশলী সহকারী ... শ্রীমঙ্গল | [illegible] |
| ০৩ | মোঃ আমিনুল ইসলাম | ওসি, শ্রীমঙ্গল | [illegible] |
| ০৪ | মাহবুবুল ইসলাম তালুকদার | ওসি শ্রীমঙ্গল রেলওয়ে থানা | [illegible] |
| ০৫ | মোঃ জাহেদ হোসেন | প্রকল্প কর্মকর্তা ... পল্লী উন্নয়ন সমিতি | [illegible] |
| ০৬ | মোঃ নাজমুল আলম | পুলিশ পরিদর্শক শ্রীমঙ্গল ... | [illegible] |
| ০৭ | [illegible] | [illegible] | [illegible] |
| ০৮ | পুলক কুমার দেব | প্রভাষক, শ্রীমঙ্গল সরকারি কলেজ | [illegible] |
| ০৯ | রুমা চৌধুরী | ... আনসার ভিডিপি | [illegible] |
| ১০ | আবু সালেহ মোঃ আবুবকর | পরিবার পরিকল্পনা অফিসার | [illegible] |
| ১১ | সন্তোষ রঞ্জন দত্ত | উপজেলা মৎস্য কর্মকর্তা | [illegible] |
| ১২ | সর্বজিৎ কুমার রায় | উপ: প্রকৌশলী ... | [illegible] |
| ১৩ | ডা: মো: রেজাউল করিম | প্র: (উপজেলা স্বাস্থ্য) (UHFPO-প্র: প্রতিনিধি) | [illegible] |
| ১৪ | বিমল কান্তি দাস | প্রধান শিক্ষক শ্রীমঙ্গল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | [illegible] |
| ১৫ | মোঃ রফিকুল ইসলাম | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল | [illegible] ১৫/০৮/২৫ |
| ১৬ | মোঃ ইউসুফ হোসেন পক্ষে আব্দুর রহিম | উ. প্রকৌশলী সহকারী ... | [illegible] 14.08.23 |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | কুতুব উদ্দিন | সহ: উপজেলা নি: কর্মকর্তা | |
| ১৮ | বাবুল বিশ্বাস | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রীমঙ্গল | |
| ১৯ | মো: আলাউদ্দিন | উপজেলা কৃষি অফিসার শ্রীমঙ্গল | |
| ২০ | দীপক চন্দ্র মন্ডল | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | |
| ২১. | মো: নজরুল হোসেন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল | |
| 22 | নাজমুল হক | URDO | |
| ২৩ | ~~আবু সালেহ মো: আকিব~~ | ~~UFPO~~ | |
| ২৪ | মো: [illegible] | UCO | |

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## ৬ষ্ঠ উপজেলা পরিষদ সেপ্টেম্বর ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ ইসলাম উদ্দিন, প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ : ১১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক''-এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে ডা: মো: জোবায়ের খান বলেন, সারাদেশে প্রায় ৫ কোটি শিশুকে (৯ মাস থেকে ১৫ বছর বয়সী) বিনামূল্যে টাইফয়েড টিকা প্রদান করা হবে। টিকা কার্যক্রম আগামী ১২ অক্টোবর ২০২৫ থেকে মাসব্যাপী টিকাদান কর্মসূচি শুরু হতে যাচ্ছে। এই কার্যক্রম সফল করতে শ্রীমঙ্গল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে টিকাদান সংক্রান্ত প্রস্তুতি চলছে। এই টিকাদান কার্যক্রম দেশের স্বাস্থ্য ব্যবস্থায় একটি বড় উদ্যোগ এবং এর মাধ্যমে টাইফয়েড রোগের প্রাদুর্ভাব কমানো সম্ভব হবে বলে আশা করা হচ্ছে। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য কাযক্রম স্বাভাবিকভাবে চলছে। | টাইফয়েড এর টিকা গ্রহণের জন্য ৯ মাস থেকে ১৫ বছর বয়সী বাচ্চাদের অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য সকল প্রাথমিক বিদ্যালয়ে জোর প্রচার করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া স্কুল ছাড়া বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে টিকাদান কার্যক্রম চলমান রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা বলেন, সেপ্টেম্বর মাসের সার বরাদ্দ ইউরিয়া ৪১৮ মে:টন, মজুদ আছে ৯৪ মে:টন, টিএসপি ৪৭ মে:টন, মজুদ আছে ১৭ মে: টন ও উত্তোলন ২৬ মে:টন। এমওপি বরাদ্দ ১০৯ মে:টন, উত্তোলন ৫৩ মে:টন ও মজুদ ৩ মে:টন, ডিএপি বরাদ্দ ১৪৭ মে:টন, উত্তোলন ৭৬ মে:টন ও মজুদ ৩২ মে:টন। নিয়মিত সার মনিটরিং এর অংশ হিসেবে প্রত্যেকটি ডিলার এর দোকান ও গুদামে দুইজন করে উপ:সহকারী কৃষি কর্মকর্তা ট্যাগ করে দেওয়া হয়েছে। এছাড়া বর্তমানে রোপা আমন ধানের আবাদ ১৫৩০০ হেক্টর হয়েছে। যা আমরা কাঙ্খিত লক্ষ্য অর্জন করতে পারব বলে আশাবাদী। এছাড়া দপ্তরের বিভিন্ন প্রশাসনিক ও রুটিন কার্যক্রম স্বাভাবিক এবং মাঠ কার্যক্রম চলমান রয়েছে। | খুচরা সার ডিলারদের নিয়ে একটি সভা আহবান করার জন্য উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, শ্রীমঙ্গল উপজেলার রাজঘাট, কালিঘাট, সাতগাঁও, আশিদ্রোণ, সিন্দুরখান ইউনিয়নে ক্ষুদ্র নৃগোষ্ঠীর কোন কোন সম্প্রদায়ের বসবাস তা জানা প্রয়োজন। তাদের তালিকা প্রদানের জন্য ইউপি তিনি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | যে সকল ইউনিয়নের ক্ষুদ্র নৃগোষ্ঠীর লোকজনের বসবাস সে সকল ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানবৃন্দ তালিকা সংগ্রহ পূর্বক উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কার্যালয়ে প্রেরণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সভায় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান, জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৫ সফলভাবে উদ্‌যাপিত হয়েছে। তাছাড়া বর্ষায় প্লাবিত ধানক্ষেত, প্লাবনভূমি, জলমহাল, মুক্ত জলাশয়, সরকারি প্রাতিষ্ঠানিক জলাশয়সহ বিভিন্ন স্থানে প্রায় ৫৪০.৫৪ কেজি পোনামাছ অবমুক্ত করা হয়েছে। এছাড়া মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য সপ্তাহ উদযাপনে সকল ধরনের সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং কর্মকর্তাদেরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৫ | এলজিইডি | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ক) শ্রীমঙ্গল উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের কলাপসিবল গেইট ও এসএস এর গ্রিল স্থাপন এর জন্য ৭,৪২,২৯৩/- টাকা, খ) উপজেলা প্রশাসনিক ভবনের সভা কক্ষ সংস্কার কাজের জন্য ৮,৬০,৭২৮/- টাকা, গ) উপজেলা প্রশাসনিক ভবনের সভা কক্ষে মাইক্রোফোন ও নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা স্থাপন বাবদ ৯,৮৬,৫৭৮/- টাকা, ঘ) উপজেলা প্রশাসনিক ভবনের সভা কক্ষের চেয়ার, টেবিল এবং পর্দা সরবরাহকরণ বাবদ ৭,৪৬,৫৭৮/- টাকা, ঙ) উপজেলা প্রশাসনিক ভবনের উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর কক্ষ আধুনিকীকরণ কাজের জন্য ৯,৭৭,৯১৮/- টাকার পৃথক পৃথক ০৫টি প্রাক্কলন প্রস্তুতক্রমে সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নতুন উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের ০৫টি কাজের প্রাক্কলন সদয় অনুমোদনক্রমে বরাদ্দ প্রদানের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, এ মাসের শেষের দিকে শারদীয় দুর্গাপূজা উদযাপিত হবে। শারদীয় দুর্গাপূজার ভক্তবৃন্দের নির্বিঘ্নে চলাচল নিশ্চিত করার জন্য যে সকল ইউনিয়নের রাস্তা ভাঙ্গা রয়েছে সেগুলোর সরজমিনে পরিদর্শন করে জরুরী ভিত্তিতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দ এবং উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br><br>তিনি আরো বলেন, শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন রাস্তাগুলোতে ড্রেনেজ ব্যবস্থা নেই। পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় বৃষ্টির পানি রাস্তার উপর দিয়ে প্রবাহিত হয় ফলে রাস্তায় চলাচল করা যায় না। যার দরুন পথচারীদের বিভিন্ন ধরনের ঝামেলা পোহাচ্ছেন। যে সকল ইউনিয়নে এমন সমস্যা বিদ্যমান, সে সকল ইউনিয়নে জরুরী ভিত্তিতে ড্রেন পরিষ্কারসহ পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | ১। শ্রীমঙ্গল উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনের জন্য ৫টি কাজের প্রাক্কলন জরুরী ভিত্তিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২। আসন্ন শারদীয় দুর্গাপূজা উদ্‌যাপন উপলক্ষে শ্রীমঙ্গল উপজেলা বিভিন্ন ইউনিয়নে ভাঙ্গা রাস্তাগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান (সকল), শ্রীমঙ্গল |
| ০৬ | প্রাথমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, শ্রীমঙ্গল উপজেলায় ১৩৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। বিদ্যালয়গুলোতে পাঠদান কার্যক্রম চালু রয়েছে। ইতোমধ্যে বিদ্যালয় পর্যায়ে দ্বিতীয় প্রান্তিক মূল্যায়নের ফলাফল প্রকাশিত হয়েছে। | বিদ্যালয়গুলো নিয়মিতভাবে পরিদর্শন করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান, শ্রীমঙ্গল। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত থাকায় মাধ্যমিক শিক্ষা বিভাগ সম্পর্কে আলোচনা হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শ্রীমঙ্গল, মৌঃবাজার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, চলতি ২০২৫-২৬ অর্থবছরে মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা ত্রাণ মন্ত্রণালয় বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির বরাদ্দ পাওয়া গেছে, উল্লেখিত বরাদ্দ নীতিমালার আলোকে প্রত্যেক ইউনিয়নে বিভাজনপূর্বক পত্র দেয়া হয়েছে। পত্রের আলোকে ইউনিয়ন কমিটি সভা আহবান করে জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা কার্যালয়ে জমা প্রদান করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলমান আছে।<br>আসন্ন পবিত্র শারদীয় দুর্গোৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে এই উপজেলার মোট ১৫৭টি সার্বজনীন পূজা মন্ডপের অনুকূলে মন্দির প্রতি ৫০০ কেজি হারে (চাল) বরাদ্দ পাওয়া গেছে। উল্লেখিত (চাল) উত্তোলন করতে মন্দির ভিত্তিক কমিটি এ কার্যালয়ে জমা প্রদান করতে অনুরোধ জানানো যাচ্ছে। | বরাদ্দ নীতিমালার আলোকে ইউনিয়ন কমিটি সভা আহবান পূর্বক জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা অত্র কার্যালয়ে প্রেরণ এবং শারদীয় দুর্গোৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে ১৫৭টি পূজা মন্ডপের মন্দির প্রতি ৫০০ কেজি হারে চালের আবেদন ফরম সম্মানিত শ্রীমঙ্গল উপজেলার সকল ইউপি চেয়ারম্যান/ সদস্যগণের সহযোগিতায় সকল পূজামন্ডপের প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল ও সকল ইউপি চেয়ারম্যান |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, সাতগাঁও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব সেবা চলমান আছে। অতিরিক্ত বৃষ্টি হলে উক্ত কেন্দ্রের আঙ্গিনায় পানি জমে থাকে। লছনা আমরাইল রাস্তা গর্ত খননের মাধ্যমে পাইপ স্থাপন করা হচ্ছে। তিনি উপজেলা পরিষদের এডিপি'র বরাদ্দ হতে সীমানা প্রাচীর নির্মাণের জন্য অনুরোধ জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সাতগাঁও ইউনিয়নের লছনা, আমরাইল রাস্তাগুলো সরজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ জানান। | উপজেলা পরিবার পরিকল্পনা কমকর্তা ও উপজেলা প্রকৌশলী |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার ২০২৪-২৫ অর্থবছরের নতুন বহি বিতরণ, সকল ভাতা যাচাই বাছাই কার্যক্রম চলছে। মৌলভীবাজার জেলার মাননীয় প্রশাসক মহোদয় শ্রীমঙ্গল পৌরসভায় উক্ত কার্যক্রম উদ্বোধন করেন। ইতোমধ্যে সিন্দুরখান, ভুনবীর, সাতগাঁও ইউনিয়নে যাচাই কার্যক্রম চলছে। ধারবাহিকভাবে সকল ইউনিয়নে যাচাই-বাছাই করা হবে। তিনি যাচাই-বাছাই কার্যক্রমে সকল সহযোগিতার অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নতুন ভাতা বহি বিতরণ কার্যক্রমে সকল ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সকল ইউপি সদস্য। |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, মহিলা উন্নয়ন অনুবিভাগের ১টি সমিতিতে মোট ৩.৫৫ লক্ষ টাকা এবং সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি এর ১টি সমিতিতে ৩.৪০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিভিন্ন প্রকল্প থেকে মোট ১১.৩২ লক্ষ টাকা আদায় করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ঋণ উত্তোলন কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ১২ | উপ:ম:বিষয়ক কর্মকর্তা | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি জানান, দু:স্থ মহিলা উন্নয়ন VWB কার্যক্রম ২০২৫-২৭ সময়ের নতুন উপকারভোগীদের চাল বিতরণের লক্ষ্যে জুলাই ও আগষ্ট/২০২৫ মাসের ডিও ইউনিয়ন চেয়ারম্যান বরাবর প্রেরণ করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শ্রীমঙ্গল সদর ইউনিয়নে VWB কার্ড ও ২ মাসের চাল বিতরণের উদ্বোধন করা হয়েছে। অধিকাংশ ইউনিয়নে চাল বিতরণ ও কার্ড বিতরণ সমাপ্ত করা হয়েছে।<br>মা ও শিশু সহায়তা কর্মসূচির প্রতি ইউনিয়নে ১৫টি ও পৌরসভায় ৬৩টি কার্ড বরাদ্দ (প্রতিমাসে) পাওয়া গেছে। উক্ত বরাদ্দ অনুযায়ী অনলাইনে আবেদন সম্পন্ন হয়েছে এবং উপজেলা আইডি থেকে অনুমোদন করা হয়েছে। পৌরসভাতে পর্যাপ্ত উপকারভোগী না পাওয়াতে পৌর প্রশাসক কর্তৃক পৌর এলাকায় মাইকিং করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় পৌর এলাকায় ব্যাপক প্রচার প্রচারণার জন্য মাইকিং করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের আওতায় বর্তমান মাস পর্যন্ত নিবন্ধিত বিভাগীয় প্রাথমিক সমিতির সংখ্যা ১৭১টি (নিবন্ধিত)। এর মধ্যে অকার্যকর সমবায় সমিতি ৬৩টি। কার্যকর সমবায় সমিতি সমূহের অডিট, পরিদর্শন, ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের রাজস্ব আদায় ও সমিতির অডিট কার্যক্রম জোরদার করণ ও যে কোন একটি কার্যক্রম নিয়ে সভা আহবান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কমকর্তা, শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | - | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৫ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা জানান, চলতি মাসে ৯টি ইউনিয়নে ১০২২৪জন উপকারভোগীর মাঝে খাদ্যবান্ধব কর্মসূচির ১৫/- টাকা কেজি দরে ৩০ কেজি করে চাল বিতরণ করা হবে। নতুন ২৫০০ জনকে এ মাসে ও তালিকার মাধ্যমে বিতরণ করা হবে। পৌরসভার ২টি কেন্দ্রে ২ মে:টন চাল ও ৩ মে:টন আটা বিক্রি চলমান রয়েছে। টিসিবি ও ভিডব্লিউবিসহ অন্যান্য খাতে চাল প্রদান চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান চলছে। | বাগানের বাহিরের জনসাধারণকে টিসিবি মালামাল দেয়ার জন্য খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানান। জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শ্রীমঙ্গল |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশলী বলেন, জনস্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | শ্রীমঙ্গল ইউনিয়নে নোয়াগাঁও গ্রামে ৩৫০টি পরিবারের জন্য স্থাপনকৃত গভীর নলকূপ এর কার্যক্রম পরিদর্শন করার জন্য উপ:সহ: প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী, শ্রীমঙ্গল |
| ১৭ | বন বিভাগ | সভায় রেঞ্জ কর্মকর্তা অনুপস্থিত না থাকায় বনবিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য রেঞ্জ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | রেঞ্জ কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বিবিধ ১ | বইপড়া প্রতিযোগিতা ২০২৫ সংক্রান্ত | সভায় সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার বলেন, বর্তমান প্রজন্মের শিক্ষার্থীরা সামাজিক যোগাযোগ মাধ্যমে বেশি সময় ব্যয় করার কারণে বই পড়ার আগ্রহ ধীরে ধীরে হারিয়ে ফেলছে। তাদের মধ্যে বই পড়ার এবং অজানাকে জানার আগ্রহ তৈরির জন্য উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের মধ্যে "বই পড়া প্রতিযোগিতা" এর আয়োজন করা যেতে পারে। এরকম আয়োজনের সাথে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী, শিক্ষক এবং অভিভাবকরা সংশ্লিষ্ট থাকবেন ফলে এর সাথে সংশ্লিষ্ট সকলেই নতুন কোন বইয়ের সাথে পরিচিত হবে এবং তাদের মধ্যে আগ্রহ তৈরি হবে।<br><br>তিনি বলেন উক্ত প্রতিযোগিতা আয়োজনের জন্য অর্থ এবং জনবল প্রয়োজন। সেক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ এবং ছাত্র/ছাত্রীদের কাজে লাগিয়ে জনবলের চাহিদা পূরণ এবং উপজেলা পরিষদ থেকে ১টি প্রকল্প গ্রহণের মাধ্যমে অর্থের যোগান দেয়া যেতে পারে। তিনি এ বিষয়ে ১টি বই পড়া প্রতিযোগিতা-২০২৫ নামে একটি প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন।<br><br>উক্ত প্রস্তাবের আলোকে উপজেলা প্রকৌশলী ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার একটি প্রাক্কলন উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রাক্কলনটি অনুমোদিত হয় এবং উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহে প্রকল্প কমিটির মাধ্যমে কাজ বাস্তবায়নের জন্য নিম্নরূপ একটি প্রকল্প কমিটি গঠন করা হয়।<br><br><u>কমিটি নিম্নরূপ:-</u><br><br>১। জনাব মিছলু আহমেদ চৌধুরী, চেয়ারম্যান, মির্জাপুর ইউপি ও প্রকল্প সভাপতি, শ্রীমঙ্গল। | উক্ত প্রকল্প কমিটি দ্রুত প্রকল্পের কাজ বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল ও উপজেলা প্রকৌশলী শ্রীমঙ্গল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২। জনাব সনজিত কুমার দাস, একাডেমিক সুপারভাইজার, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শ্রীমঙ্গল ।............................সদস্য<br>৩। জনাব অসীম কুমার কর, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল..........................................................সদস্য<br>৪। জনাব মোঃ সাইফুল ইসলাম, উপ:সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য), শ্রীমঙ্গল..........................................................সদস্য<br>৫। জনাব সঞ্জয় কুমার পন্ডিত,সার্ভেয়ার,এলজিইডি,শ্রীমঙ্গল..সদস্য | | |
| বিবিধ ০২ | আর্থিক অনুদান | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, গত ২৮/০৮/২০২৫ তারিখে বরুনা বাজারে অগ্নিকান্ড সংঘটিত হয়। অগ্নিকান্ডে ৫টি দোকানগৃহ পুড়ে যায়। অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ মালিকদেরকে ১০০০০টাকা করে ৪০০০০/- এবং ০১জনকে ৫০০০/-টাকা সহ মোট ৪৫০০০/- টাকা তাৎক্ষণিকভাবে দেয়া হয়। তাছাড়া শাম্মী খানম, স্বামী: কামাল খান, কালাপুরকে সন্তানদের লেখাপড়া বাবদ ৫০০০/- টাকা, গেজেটেড তালিকাভুক্ত ক্ষুদ্র নৃগোষ্ঠীর কারাম উৎসব পরিচালনার জন্য জনাব লক্ষণ মুন্ডা, সাধারণ সম্পাদক, কারাম উৎসব পরিচালনা কমিটিকে ১০০০০/- টাকা, স্বর্ণা সাহা, স্বামীঃ পল্লব সাহা, মাষ্টারপাড়া, শ্রীমঙ্গলকে চিকিৎসা বাবদ ৫০০০/- টাকা, জনাব বিজলী ভাস্কর, স্বামীঃ রাজু ভাসকর, সুইপার কলোনী, শ্রীমঙ্গলকে ৫০০০/-, জনাব উজ্জল রায়, ভোজপুরকে চিকিৎসা বাবদ ৫০০০/-, জনাব অজয় হাজরা, ভাড়াউড়া চা বাগান কে ছেলে লেখাপড়া বাবদ ৫০০০/- এবং জুলাই গণঅভ্যুত্থানের শ্রীমঙ্গল উপজেলার গেজেটভুক্ত আহত জুলাই যোদ্ধাদের সম্মাননা প্রদান, ক্রেষ্ট প্রদান ও আপ্যায়ন বাবদ ৩০০০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয় পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (অপ্রত্যাশিত খাত) হতে ৪৫০০০/- টাকা এবং অনুদান খাত হবে ৬৫০০০/- টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৫/১০/২৫

(মো: ইসলাম উদ্দিন)
প্রশাসক
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.২৬.৩৪ — তারিখ: ০৫/১০/২০২৫

বিতরণ: কার্যার্থে।
১। উপজেলা.............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
২। চেয়ারম্যান............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
০১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

(মো: ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার

সেপ্টেম্বর/২০২৪ মাসের [illegible] সভার

তাং- ১১/০৯/২০২৪

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| 01 | জনাব মো: ইসলাম উদ্দিন | প্রশাসক শ্রীমঙ্গল পৌরসভা | |
| 02 | জনাব মিজানুর আহমেদ মো: | চেয়ারম্যান ১ নং মির্জাপুর ইউপি | [signature] |
| 03 | | " ২নং ভূনবীর ইউপি | |
| 04 | জনাব মো: দুলু মিয়া | " ৩নং শ্রীমঙ্গল ইউপি | [signature] |
| 05 | জনাব মো: ইয়াছিন আরাফাত রবিন | " ৪নং সিন্দুরখান ইউপি | |
| 06 | জনাব মো: আব্দুল মতলিব | " ৫নং কালাপুর ইউপি | [signature] |
| 07 | | চেয়ারম্যান ৬নং আশিদ্রোন ইউপি | [signature] |
| 08 | | চেয়ারম্যান ৭নং রাজঘাট ইউপি | [signature] |
| 09 | | চেয়ারম্যান ৮নং কালিঘাট | [signature] |
| 10 | জনাব দেবাশীষ দেব বন্ধু | চেয়ারম্যান ৯নং সাতগাঁও ই | [signature] |

পরিষদ মাঠ

(মিটিং/ ২০মোমে বিভাগীয় কর্মকর্তাবৃন্দের উপস্থিতি খতিয়ান

তাং- ১১/০৯/২০২৫

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১/ | জনাব মো: ইসলাম উদ্দিন | উপজেলা নির্বাহী অফিসার | |
| ০২/ | ডা. মো: জোবায়ের খান | আর: মেডিকেল অফিসার | [signature] |
| ০৩/ | ডা. আমিনুল ইসলাম | ভেটেরিনারী সার্জন | [signature] |
| ০৪/ | উজ্জ্বল সূত্রধর | কৃষি সম্প্রসারণ অফিসার | [signature] |
| ০৫/ | আবু সালেহ মো: তৌফিক | দায়িত্বপ্রাপ্ত উপজেলা সমবায় অফিসার | তৌফিক |
| ০৬/ | মাহমুদা হক | URDO | [signature] |
| ০৭/ | মো: মুশফিক হোসেন চৌধুরী | উপজেলা সমাজসেবা অফিসার | [signature] ১১.৯.২৫ |
| ০৮/ | রুমা চৌধুরী | [illegible] | [signature] |
| ০৯/ | মো: রফিকুল ইসলাম | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | [signature] |
| ১০/ | সুদীপ দাস | [illegible] | [signature] ১১/৯/২৫ |
| ১১/ | মো: কামরুল ইসলাম | উপজেলা মহিলা বিষয়ক অফিস হিসাব সহকারী | [signature] ১১/৯/২৫ |
| ১২/ | অসীম কুমার দ. | UYDO, শ্রীমঙ্গল | [signature] ১১/৯/২৫ |
| ১৩/ | নিশীথ রঞ্জন | UDF | [signature] ১১/০৯/২৫ |
| ১৪/ | মো: আনোয়ার হোসেন | SUFO | [signature] ১১/০৯/২৫ |
| ১৫/ | রাজু বিশ্বাস | UAS. Sreemangal. | [signature] |
| ১৬/ | মো: মনিরুজ্জামান | UCO, শ্রীমঙ্গল | [signature] |
| ১৭/ | অশোক চন্দ্র মন্ডল | UCF শ্রীমঙ্গল | [signature] |

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## ৬ষ্ঠ উপজেলা পরিষদ অক্টোবর ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: ইসলাম উদ্দিন, প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ : ১৬ অক্টোবর ২০২৫ খ্রিঃ
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক''-এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।<br>সভায় উপস্থিত সদস্যবৃন্দের মধ্যে অনেকেই টাইফয়েডের ভ্যাকসিনের কোন প্রতিক্রিয়া আছে কি না, সে সম্পর্কে জানার আগ্রহ প্রকাশ করে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, গত ১২ অক্টোবর হতে টাইফয়েড এর ভ্যাকসিন কার্যক্রম বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের চালু হয়েছে। কিন্তু এখন পর্যন্ত কোন বিরুপ প্রতিক্রিয়া পাওয়া যায়নি। | আগামী সভায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। এছাড়া টাইফয়েডের ভ্যাকসিন কার্যক্রমে সকল ইউপি চেয়ারম্যান এবং উপজেলা শিক্ষা কর্মকর্তাকে ভ্যাকসিন কার্যক্রম সম্পর্কে তদারকি করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প:কর্মকর্তা/ উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান, শ্রীমঙ্গল। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, সারের বরাদ্দ এবং মজুদ পর্যাপ্ত আছে। রাসায়নিক সারের কোনো ঘাটতি নেই। বসতবাড়ী ও মাঠে চাষের নিমিত্তে ৬৮৫জন কৃষক, কৃষাণীদের জন্য সবজি বীজ ও সার প্রণোদনার বরাদ্দ পাওয়া গেছে। সবজি বীজ ও সার প্রাপ্তি সাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে অগ্রাধিকার তালিকা প্রস্তুতপূর্বক বিতরণ করা হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সবজি বীজ ও সার প্রাপ্তি সাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে অগ্রাধিকার তালিকা অনুযায়ী বিতরণ কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নিবাহী অফিসার ও উপজেলা কৃষি কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, শ্রীমঙ্গল উপজেলার রাজঘাট, কালিঘাট, সাতগাঁও, আশিদ্রোণ, সিন্দুরখান ইউনিয়নে ক্ষুদ্র নৃগোষ্ঠীর কোন কোন সম্প্রদায়ের বসবাস তা জানা প্রয়োজন। তাদের তালিকা প্রদানের জন্য ইউপি তিনি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | যে সকল ইউনিয়নের ক্ষুদ্র নৃগোষ্ঠীর লোকজনের বসবাস সে সকল ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানবৃন্দ তালিকা সংগ্রহ পূর্বক উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কার্যালয়ে প্রেরণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান শ্রীমঙ্গল |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান যে, ০৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত মোট ২২ দিন ইলিশের প্রধান প্রজনন মৌসুম উপলক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত সারাদেশে ইলিশ আহরণ পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয় বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ রয়েছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে মাছবাজার, মৎস্য আড়ত, অন্যান্য হাটবাজারে ব্যানার, লিফলেট ও চিঠিপত্র বিতরণসহ নিয়মিত বাজার, মৎস্য আড়ত পরিদর্শনের মাধ্যমে ব্যাপক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। যার | মৎস্য সপ্তাহ উদযাপনে সকল ধরনের সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং কর্মকর্তাদেরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>ফলশ্রুতিতে অত্র উপজেলায় ইলিশ ক্রয়-বিক্রয় বন্ধ রয়েছে। বিগত ০৬/১০/২০২৫খ্রি. তারিখে উপজেলা নির্বাহি অফিসার মহোদয়ের নির্দেশনায় সহকারী কমিশনার (ভূমি) ও পুলিশের উপস্থিতিতে বিয়াই বিল ও বিয়াইর কাড়া জলমহালে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এসময় জলমহাল হতে কারেন্ট জাল, রিং জাল ও ম্যাজিক জাল জব্দ করা হয়। যার আনুমানিক মূল্য ২৫০০০/- টাকা। অতপর নিষিদ্ধ জালগুলি বিনষ্ট করা হয়। এছাড়া মৎস্য অধিদপ্তরের পরামর্শ প্রদান, পুকুর পরিদর্শন, জলমহাল পরিদর্শন, অভয়াশ্রম তদারকি, মাছবাজার পরিদর্শন, হ্যাচারি লাইসেন্স, খাদ্য লাইসেন্সসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>এলজিইডি</td>
<td>সভায় উপজেলা প্রকৌশলী বলেন, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী বিধিমতে প্রকল্পগুলো প্রকল্প কমিটি ও কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।
<table>
<tr><th>ক্র.নং</th><th>কাজের নাম</th><th>ইউনিয়ন</th><th>কাজের মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>ক) ৫নং ওয়ার্ড উত্তর পাচাউন গ্রামে শাহ্ আনিছ আলী হইতে সুজিত বাবুর বাড়ীর যাওয়ার রাস্তায় ইট সলিং।<br>খ) ৯নং ওয়ার্ড বৌলাশির গ্রামে খালিক মিয়ার জায়গা হইতে মনির মিয়ার বাড়ীর যাওয়ার রাস্তা ইট সলিং করণ।</td><td>মির্জাপুর</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০২</td><td>ক) ১নং ওয়ার্ড সুইলপুর গ্রামে মুকিদ মিয়ার বাড়ী হইতে গোবলা নদী যাওয়ার রাস্তা ইট সলিং<br>খ) ছাত্রাবট গ্রামে মতিন মিয়ার বাড়ী হইতে শফিক উদ্দিন এর বাড়ী যাওয়ার রাস্তা ইট সলিং।</td><td>মির্জাপুর</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৩</td><td>খাদিজাতুল কুবরা মহিলা মাদ্রাসা মতিগঞ্জ এর সামনের রাস্তায় কালভার্ট নির্মাণ।</td><td>ভূনবীর</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৪</td><td>শ্রীমঙ্গল ইউনিয়নে সবুজবাগ গোসাইবাড়ী রোড ঢাকাইয়া বাড়ির সামনা হতে সেন্ট মার্থাস বিদ্যালয়গামী রাস্তায় গাইডওয়াল নির্মাণ ও মাটিভরাট।</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৫</td><td>শ্রীমঙ্গল ইউনিয়নে ইছবপুর উজ্জল করের বাড়ির সামনা হতে তামিম রিসোর্টগামী রাস্তা ইট সলিং।</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৬</td><td>শ্রীমঙ্গল উপজেলাধীন শ্রীমঙ্গল ইউনিয়নের সবুজবাগ লাকী স্টোর এর সামনের রাস্তা সংস্কার</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>২২১০০০.০০</td></tr>
<tr><td>০৭</td><td>শ্রীমঙ্গল উপজেলাধীন শ্রীমঙ্গল ইউনিয়নের সবুজবাগ রাজীব সেন এর বাসার সামনা থেকে রিংকু পালের বাসার সামনা পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ।</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>৩০০০০০.০০</td></tr>
<tr><td>০৮</td><td>শ্রীমঙ্গল ইউনিয়নের উত্তরসুর প্রবীন দাশের বাড়ীর সামনা হতে কানন শীলের বাড়ীর সামনা পর্যন্ত ইট সলিং।</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৯</td><td>শ্রীমঙ্গল ইউনিয়নের উত্তরসুর অতীশ সূত্রধরের বাড়ীর সামনা হতে টুটুল সাহার বাড়ী পর্যন্ত রাস্তা ইট সলিং</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>১০</td><td>শ্রীমঙ্গল ইউনিয়নের সাহাজীবাজার ভৈরবথলী সংলগ্ন শ্মশানঘাটে পাশে ছড়ার সামনে গাইডওয়াল নির্মাণ।</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>১১</td><td>খিলগাঁও অমল এর বাড়ীর সম্মুখ হইতে তিতুমীর এর বাড়ীর সম্মুখ পর্যন্ত রাস্তা ইট সলিং।</td><td>সিন্দুরখান</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>১২</td><td>লোয়ারগাঁও হাজী বাড়ীর রাস্তা ইট সলিং।</td><td>সিন্দুরখান</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>১৩</td><td>১নং ওয়ার্ড কাকিয়াবাজার উচ্চ বিদ্যালয়ের পশ্চিম পাশ হতে দক্ষিণমুখী রাস্তায় ইট সলিং।</td><td>কালাপুর</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>১৪</td><td>১নং ওয়ার্ড উত্তর সিরাজনগর রফিক মিয়ার বাড়ীর সামনা হতে শাকির মিয়ার বাড়ীর সামনা পর্যন্ত রাস্তা ইট সলিং।</td><td>কালাপুর</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>১৫</td><td>আশিদ্রোণ ১নং ওয়ার্ড নানু মিয়ার বাড়ীর সামনা হইতে পীরের বাড়ীর সামনা পর্যন্ত ইট সলিং</td><td>আশিদ্রোণ</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>১৬</td><td>আশিদ্রোণ ৩নং ওয়ার্ড ভোজপুর বাজার সংলগ্ন লিটন রায়ের বাড়ীর সামনা হইতে মসজিদ পর্যন্ত রাস্তা ইট সলিং।</td><td>আশিদ্রোণ</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>১৭</td><td>আশিদ্রোণ গ্রামের রহমান মিয়ার বাড়ীর সামনা হইতে পূর্ব আশিদ্রোণ নূরে মদিনা জামে মসজিদ পর্যন্ত রাস্তা ইট সলিং</td><td>আশিদ্রোণ</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>১৮</td><td>রামনগর মনিপুরী পাড়া প্রাথমিক বিদ্যালয়ের পিছনে পাকা রাস্তা হতে তুষার বাবুর বাড়ির সম্মুখ পর্যন্ত রাস্তা ইট সলিং।</td><td>আশিদ্রোণ</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>১৯</td><td>৪নং ওয়ার্ড উদনাছড়া চা বাগান যোগেন্দ্র তাঁতীর বাড়ীর হইতে জহরলাল তংলার বাড়ীর পাশে পাকা ড্রেন নির্মাণ</td><td>রাজঘাট</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>২০</td><td>৫নং ওয়ার্ড হরিণছড়া সুকমল বাড়ি হইতে রতিশ বুনার্জীর বাড়ি পর্যন্ত রাস্তার একপাশে পাকা ড্রেন নির্মাণ।</td><td>রাজঘাট</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>২১</td><td>ভাড়াউড়া চা বাগান কানাই চাষার বাড়ীর পাশে আরসিসি ঘাটলা নির্মাণ</td><td>কালীঘাট</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>২২</td><td>কালীঘাট চা বাগানে দুলাল তাঁতী মহাজনের বাড়ীর পাশে হতে পূর্ব দিকে পাকা ড্রেন নির্মাণ।</td><td>কালীঘাট</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>২৩</td><td>কুরকুরিয়া চা বাগান গোবিন্দ মৃধা বাড়ীর পাশ হতে দক্ষিণ দিকে পাকা ড্রেন নির্মাণ।</td><td>কালীঘাট</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>২৫</td><td>২নং ওয়ার্ড মাকড়িছড়া স্বপন চাষার বাড়ীর নিকট পশ্চাবর্তী রাস্তার মুখ পর্যন্ত ড্রেন ও কালভার্ট নির্মাণ।</td><td>সাতগাঁও</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>২৬</td><td>৩নং ওয়ার্ড সাতগাঁও স্বপন রায়ের বাড়ীর নিকটে রাস্তার পশ্চিম সাইডে ড্রেন নির্মাণ।</td><td>সাতগাঁও</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>২৭</td><td>ক্ষুদ্র নৃতাত্ত্বিক কেন্দ্রের সীমানা প্রাচীর রংকরণ ও তথ্য কেন্দ্র রংকরণ</td><td>শ্রীমঙ্গল</td><td>৪০০০০০.০০</td></tr>
<tr><td>২৮</td><td>শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন স্থানে সোলার লাইট মেরামত</td><td>শ্রীমঙ্গল</td><td>১০,০০,০০০.০০</td></tr>
</table>
</td>
<td>উক্ত প্রকল্পগুলো প্রকল্প কমিটি ও কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী শ্রীমঙ্গল।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভায় চেয়ারম্যান মির্জাপুর ইউপি বলেন, ভূনবীর-মির্জাপুর রাস্তার বেহাল অবস্থা। রাস্তাগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | | |
| ০৬ | প্রাথমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, শ্রীমঙ্গল উপজেলায় ১৩৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। বিদ্যালয়গুলোতে পাঠদান কার্যক্রম চালু রয়েছে। ইতোমধ্যে বিদ্যালয় পর্যায়ে দ্বিতীয় প্রান্তিক মূল্যায়নের ফলাফল প্রকাশিত হয়েছে। | বিদ্যালয়গুলো নিয়মিতভাবে পরিদর্শন করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, মাধ্যমিক শিক্ষা অফিসের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে গ্রীষ্মকালীন খেলাধুলা বাবদ ৫০০০০/- টাকা এবং বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষ্যে ২০০০০/- উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রতিবারের ন্যায় এবারও আর্থিক সহায়তা প্রদানের সভায় প্রস্তাব পেশ করেন। উপস্থিত সকল সদস্যবৃন্দ আর্থিক সহায়তা প্রদানের জন্য সুপারিশ প্রদান করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে গ্রীষ্মকালীন খেলাধুলা বাবদ ৫০০০০ এবং বিশ্ব শিক্ষক দিবসের জন্য ২০০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শ্রীমঙ্গল, মৌ:বাজার |
| ০৮ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, গ্রামীণ অবকাঠামো সংস্কারকরণ বাবদ ২১০টি প্রকল্প তালিকা জেলা প্রেরণ করা হয়েছে। এছাড়া কিছু কিছু ইউনিয়ন থেকে প্রকল্প তালিকা এখনও পাওয়া যায়নি। যে সকল ইউনিয়ন পরিষদ হতে তালিকা পাওয়া যায়নি দ্রুত প্রকল্প তালিকা প্রস্তুত করে অত্র কার্যালয়ের প্রেরণের জন্য অনুরোধ জানান। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা প্রকৌশলী কিংবা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণ যখনই কোন উন্নয়ন প্রকল্প পরিদর্শনে যাবেন সেটা যে কোন বিভাগের হউক না কেন তা যেন দর্শন করে আসেন। | ওয়েব পোর্টালে সকল তথ্য দেয়ার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল ও সকল ইউপি চেয়ারম্যান |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, সাতগাঁও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব সেবা চলমান আছে। অতিরিক্ত বৃষ্টি হলে উক্ত কেন্দ্রের আঙ্গিনায় পানি জমে থাকে। লছনা আমরাইল রাস্তা গর্ত খননের মাধ্যমে পাইপ স্থাপন করা হচ্ছে। তিনি উপজেলা পরিষদের এডিপি'র বরাদ্দ হতে সীমানা প্রাচীর নির্মাণের জন্য অনুরোধ জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সাতগাঁও ইউনিয়নের লছনা, আমরাইল রাস্তাগুলো সরজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ জানান। | উপজেলা পরিবার পরিকল্পনা কমকর্তা ও উপজেলা প্রকৌশলী |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে সমাজসেবা অধিদপ্তরের এর আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা অনলাইনে আবেদন করা যাচ্ছে। আবেদনের সময়সীমা ৩০ নভেম্বর ২০২৫ পর্যন্ত। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সমাজসেবা অধিদপ্তরের এর আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা অনলাইনে আবেদনে উৎসাহিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সকল ইউপি সদস্য। |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, পল্লী জীবিকায়ন প্রকল্পে ৪০জন সুফলভোগী সদস্যকে ৩দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এছাড়া ঋণ কার্যক্রমসহ যাবতীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ঋণ উত্তোলন কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ১২ | উপ:ম:বিষয়ক কর্মকর্তা | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, দু:স্থ মহিলা উন্নয়ন VWB কার্যক্রমের আওতায় অক্টোবর মাসের খাদ্যের ডিও দেওয়া হয়েছে।। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় অক্টোবর মাসে ২০ তারিখ পর্যন্ত আবেদন চলমান আছে। প্রতি মাসে প্রত্যেকটি ইউনিয়নে ১৫ জন করে আবেদন করতে পারবে। পৌরসভায় ৬৩জন করে আবেদন করার সুযোগ থাকলেও এ পর্যন্ত ১০টি আবেদন প্রস্তুত বলে জানা গেছে। সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় পৌর এলাকায় ব্যাপক প্রচার প্রচারণার জন্য মাইকিং করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০১ জন সামান্য কিছু টাকা পরিশোধ করছেন যা চলমান এবং ০১ জনের পরিবার তদন্ত টিমের কাছ থেকে ০১বছরের সময় নিয়ে ৩০০ টাকা মুল্যর স্ট্যাম্পে অঙ্গীকার করেছেন। এহেন পরিস্থিতিতে মাঠ পর্যায়ের গ্রাহকদের নিজস্ব জমাকৃত সঞ্চয় ফেরত দিয়ে মাঠের পরিস্থিতি শান্ত করার বিষয়ে করনীয় সম্পর্কে আপনার পরামর্শ ও সহযোগিতা কামনা করছি। | | |
| ১৯ | উপজেলা উন্নয়ন ও পরিচালন প্রকল্প (জাইকা) | উপজেলা ডেভেলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, ইউজিডিপি প্রকল্পের ভিডিও ডকুমেন্টারি প্রস্তুতকরণের জন্য একটি টিম শ্রীমঙ্গলে আসলে প্রথমে প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পর্কে ইউএনও মহোদয়ের সাক্ষাতকার গ্রহণ ভিডিও ধারন করা হয় এবং পরে উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়িত "শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন ইউনিয়নের রাস্তার ধারে সোলার স্ট্রিট লাইট স্থাপন " অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প-টির ভিডিও ধারন করা হয়। পাশাপাশি তিনি জানান যে, উক্ত প্রকল্প কর্তৃক বাস্তবায়িত সকল প্রকল্প নিয়মিত মনিটরিং এর কার্যক্রম চলমান আছে। | বাস্তবায়িত সকল প্রকল্প নিয়মিত মনিটরিং ও যথাযথ কতৃপক্ষকে আপডেট অবগত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |
| ২০ | বিএডিসি | সভায় উপজেলা বিএডিসি কর্মকর্তা বলেন, পুরো বিভাগে ভূপরিস্থ ও ভূগর্ভস্থ পানি ব্যবহারের মাধ্যমে কৃষকের সেচের সুযোগ সৃষ্টি করা দুরীকরণে যে সকল ইউনিয়নে নদী রয়েছে সে সকল ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানগণ জরুরী ভিত্তিতে সেচ সম্পর্কিত তালিকা প্রদানের জন্য অনুরোধ জানান। | উপজেলা বিএডিসি কর্মকর্তাকে শ্রীমঙ্গল উপজেলার প্রত্যেকটি ইউনিয়ন পরিদর্শনের জন্য অনুরোধ জানান। | বিএডিসি (সেচ), শ্রীমঙ্গল |
| ২১ | পল্লী বিদ্যুৎ | সভায় মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল এর প্রতিনিধি জানান লোডশেডিং আছে। ঘাটতি পূরণ হলেই লোডশেডিং বন্ধ হয়ে যাবে। তিনি বলেন শীত আসার কারণে ট্রান্সফরমার চুরি প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। তিনি বলেন, প্রত্যেক এলাকায় রাত্রে পাহারা থাকলে ট্রান্সফরমার চুরি কিছুটা হলে কমতে পারে। | সকল ইউপি চেয়ারম্যানগণ ওয়ার্ড সদস্যের মাধ্যমে এলাকায় একটি সভা করে পাহারার বিষয়টি অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | |
| **বিবিধ ১** | ডি নথি প্রশিক্ষণ সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পর্যায়ে অফিসের কার্যক্রমকে গতিশীল করার জন্য ডি নথি কার্যক্রম অনেক আগে থেকেই শুরু হয়েছে। কিন্তু উপজেলা পর্যায়ে নিয়মিত চর্চার অভাবে ডি নথি কার্যক্রম অনেকটাই স্থিমিত হয়ে পড়েছে। জেলা পর্যায় থেকে ডি-নথির মাধ্যমে অনেক পত্র, আদেশ-নির্দেশ পত্র প্রেরণ করা হয়। কিন্তু বিভিন্ন অফিসে ডি-নথি কার্যক্রম শুরু না করা বা চলমান না থাকায় অফিস কার্যক্রমে কাজের গতিশীলতা আশানুরূপ হচ্ছে না। অন্যদিকে টিআইবি কর্তৃক প্রদত্ত শ্রীমঙ্গল উপজেলার ওয়েবপোর্টাল সংক্রান্ত তথ্যে সকল অফিসে ওয়েব পোর্টাল হালনাগাদ পাওয়া যায়নি। এমতাবস্থায়, উপজেলা পর্যায়ের একদিন অফিস প্রধানগণ এবং একদিন অফিস সহকারীরে নিয়ে ওয়েব পোর্টাল ও ডি নথি সংক্রান্ত দিনব্যাপী কর্মশালা আয়োজনের জন্য উপজেলা সহকারী প্রোগ্রামার, আইসিটি, শ্রীমঙ্গলকে অনুরোধ জানানো হয়। | জরুরী ভিত্তিতে উপজেলা রাজস্ব খাতের অর্থদ্বারা ওয়েব পোর্টাল ও ডি-নথি সংক্রান্ত অফিস প্রধান ও অফিস সহকারীদিনব্যাপী প্রশিক্ষণ কর্মকর্তা আয়োজনের জন্য সহকারী প্রোগ্রাম, উপজেলা আইসিটি শাখা, শ্রীমঙ্গলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি শাখা, শ্রীমঙ্গল |
| **বিবিধ ০২** | আর্থিক অনুদান | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, শ্রীমঙ্গল উপজেলার ভূনবীর ইউনিয়নের ৪নং ওয়ার্ডে শেভরণ কর্তৃক গ্যাস পাইপ লিকেজ হয়ে ৩জন অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু ঝুঁকিতে থাকার কারণে অগ্নিদগ্ধ ৩জন্য ব্যক্তিকে চিকিৎসা বাবদ ২০০০০/- টাকা অগ্রিম প্রদান করা হয়। ব্যয়িত অগ্রিম ২০০০০/- টাকা পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (অপ্রত্যাশিত খাত) হতে ২০০০০/- টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ইসলাম উদ্দিন)
প্রশাসক
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.২৬. ৩৫ তারিখ: ১০/১১/২০২৫

বিতরণ: কার্যার্থে।

১। উপজেলা.............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

২। চেয়ারম্যান...............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

১০/১১/২৫

(মো: ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার